

কৃষি বিশ্ববিদ্যালয়

অভ্যন্তরীণ কোন্দল : ছাত্রদল নেতা
গুলিবিদ্ধ : ছাত্রলীগে বিভক্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-
সিংহ), ১২ই আগস্ট (নিজস্ব সংবাদদাতার
ফ্যাক্স)।— জাতীয়তাবাদী ছাত্রদলের অভ্য-
ন্তরীণ কোন্দলের জের হিসেবে গতকাল
বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল নেতা ও সাবেক
বাকসু (৯০-৯১) সদস্য খালিদ গুলিবিদ্ধ
হয়েছে। মারাত্মক আহত অবস্থায় তাকে
ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাস-
পাতালে নেয়া হলে তার পা থেকে গুলি

বের করা হয়েছে বলে একটি সূত্র থেকে
জানা গেছে।

গত ১৭ই জুলাই প্রায় তিন বছর পর
অনুষ্ঠিত ছাত্রদলের বাকুবি শাখার
কাউন্সিলকে কেন্দ্র করে এ কোন্দলের
শুরু হয়। কাউন্সিলে কেন্দ্রীয় সভাপতি
ফজলুল হক মিলনের উপস্থিতিতে বাকুবি
ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক

কৃষি : পৃঃ ২ কঃ ৫

কৃষি : অভ্যন্তরীণ
কোন্দল

(১ম পৃষ্ঠার পর)

নির্বাচিত হন যথাক্রমে হাসান জাকির
তুহিন ও শামসুল আদম তোফা। 'শামীম
গ্রুপ' এ কাউন্সিল বয়কট করে।

গত ৯ই আগস্ট কৃষি অর্থনীতি ও
গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদে নবীনবরণকে
কেন্দ্র করে দু'জন ছাত্রের মধ্যে কথা
কাটাকাটি হয়। এটি পরে ছাত্রদলের
অভ্যন্তরীণ কোন্দলকে চরম রূপ দেয়।
কাউন্সিল বয়কটকারী গ্রুপটি ফজলুল হক
হলে অবস্থান নেয়। ঐ রাত (৯ই আগস্ট)
থেকে দুই পক্ষে থেমে থেমে গুলিবিনিময়
হয়। বুধবার রাতে আনুমানিক ২৫ রাউন্ড
গুলি উভয়পক্ষ বর্ষণ করে। পরবর্তীকালে
বৃহস্পতিবার প্রকাশ্য দিবালোকে খালিদ
গুলিবিদ্ধ হয়।

এ ব্যাপারে ফজলুল হক হলে
অবস্থানকারী গ্রুপটির সাথে যোগাযোগ
করা হলে তারা বলেছে : যতদিন পর্যন্ত
ছাত্রদলের সর্বসম্মত কমিটি গঠিত না হবে
ততদিন পর্যন্ত আপস করা হবে না। কেন্দ্রীয়
সদস্য ও সাবেক বাকসু জি, এস শাহাদাৎ
হোসেন চঞ্চল বলেছেন, অনিয়ম-
তান্ত্রিকভাবে কাউন্সিল হয়েছে যার কোন
বৈধতা নেই। এর প্রতিবাদ করায়ই খালিদ
গুলিবিদ্ধ হয়েছে।

ছাত্রদলের নবনির্বাচিত সভাপতি হাসান
জাকির তুহিনের সাথে যোগাযোগ করা
হলে তিনি জানান, জাতীয়তাবাদী ছাত্রদলে
কোন গ্রুপিং নেই। একটি নিয়মতান্ত্রিক
পদ্ধতিতে কমিটি গঠিত হয়েছে। গত
কয়েক দিন যাবৎ শুটিকয়েক সন্ত্রাসী
বহিরাগতদের সহায়তায় ক্যাম্পাসে শিক্ষার
সুষ্ঠু পরিবেশ নষ্টের চেষ্টা করছে। অবিলম্বে
এ সন্ত্রাসীদের গ্রেফতারের জন্য বিশ্ব-
বিদ্যালয় প্রশাসনের নিকট তিনি দাবি
জানান। খালিদ আহত হওয়ার ব্যাপারে
তিনি জানান : আত্মঘাতী গুলিতে খালিদ
আহত হয়েছে। এর দায়-দায়িত্ব ছাত্রদলের
নয়।

ছাত্রলীগে দ্বিধাবিভক্ত

বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) দ্বিধাবিভক্ত
হয়ে পড়েছে। গতকাল দুপুরে বাকুবি
ছাত্রলীগের সহ-সভাপতি ও জাতীয়
কার্যকরী সংসদ সদস্য আ সামাম ও সহ-
সম্পাদক আনিস প্রতিদ্বন্দ্বী গ্রুপের হাতে
আহত হন বলে জানা যায়।

এ ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ (ম-ই)র
দু'শ' কর্মী আত্ম পদত্যাগ করেছেন।
পদত্যাগকারীরা প্রেস বিজ্ঞপ্তিতে জানি-
য়েছেন, উক্ত ঘটনাটি ছাত্রলীগ (ম-ই)র
বাকুবি শাখার সাধারণ সম্পাদক আবু
সাদ্দিক কামাল বাচ্চুর নেতৃত্বে ঘটে।
পদত্যাগকারীদের মধ্যে সাংগঠনিক সম্पा-
দক মিজবাহুজ্জামান চন্দন ও সহ-
সম্পাদক আনিসুর রহমান রয়েছেন।